# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

=========================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নতুন দিল্লিতে সাক্ষাৎ করে রাজ্যে অনুষ্ঠেয় আসাম বিনিয়োগকারী পরিকাঠামো সম্মেলনের জন্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আমন্ত্রণ।

২) আইআইটি গৌহাটিতে আয়োজিত ভারত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসবে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ এস সোমনাথের অংশগ্রহন।

৩) সর্গদেউ চাউলুং চ্যুকাফার বিচক্ষণতা ও অবদানকে স্মরণ করে রাজ্যে আসাম দিবস পালন।

এবং

৪) আগামীকাল থেকে রাজ্যে তিনদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে তৃতীয় স্বাস্থ্যসেবা উৎসব।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংগে সাক্ষাৎ করে রাজ্যে রুপায়ন হতে থাকা বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচী সম্পর্কে বেঠকে অবগত করান। এছাড়া মুখ্যমন্ত্রী আগামী ২৪ ও ২৫ শে ফেব্রুয়ারি রাজ্যে অনুষ্ঠেয় আসাম বিনিয়োগকারী ও পরিকাঠামো সম্মেলন সহ ঝুমুর নৃত্য প্রদর্শন অনুষ্ঠানে উপস্থিত

থাকার জন্য প্রধানমন্ত্রীকে আমন্ত্রন জানান ।মুখ্যমন্ত্রী আসামে কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা উন্নয়নমূলক পদক্ষেপের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

মুখ্যমন্ত্রী নতুনদিল্লীতে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিলের সংগে সাক্ষাৎ করে রাজ্যে রুপায়ন হয়ে থাকা জলজীবন মিশন প্রকল্প সম্পর্কে আলোচনা করেন ।সাক্ষাৎকালে ড: শর্মা রাজ্যে ৮০ শতাংশের ও বেশী পাইপযোগে ঘরে ঘরে পানীয় জলসরবরাহ কার্যসূচী রুপায়ন করা হয়েছে বলে মন্ত্রীকে অবগত করান । আসামে জলজীবন মিশন প্রকল্পের লক্ষ্যপ্রাপ্তিতে মন্ত্রনালয় সহায়তা করবে বলে কেন্দ্রীয় মন্ত্রী ড: শর্মাকে আশ্বাস প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------

গুয়াহাটীর ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান ( আই আই টি )তে আয়োজিত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসবের আজ তৃতীয় দিনে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ তথা বিশিষ্ট বিজ্ঞানী এস সোমনাথ অংশগ্রহণ করে ছাত্রছাত্রীদের বিজ্ঞান ও প্রযুক্তির পথ প্রদর্শক বলে মন্তব্য করেন ।তিনি ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে ক্যারিয়ার অন্বেষণ করতে এবং মহাকাশ গবেষণা ক্ষেত্রে শিক্ষার্থীদের এগিয়ে আসার আহ্বান জানান ।এই মহোৎসবে গতকাল এবং আজ প্রযুক্তি , কৃষি , স্বাস্থ্যসেবা সহ প্রযুক্তি হস্তান্তর সম্পর্কীত সমঝোতা চুক্তির বিষয়ে অধিবেশন অনুষ্ঠিত হয় ।বৈজ্ঞানিক এবং শিল্প গবেষণা পর্ষদ আয়োজিত এই মহোৎসবে সি এস আই আর এ বহনক্ষম এবং প্রযুক্তিগত অগ্রগতির জন্য তিনটি প্রযুক্তি স্থানান্তর চুক্তিতে স্বাক্ষর করা হয় ।এই মহোৎসবে ২০ হাজারেরও বেশী ছাত্রছাত্রী অংশগ্রহণ করে ।

---------------------------------------------------------------------------------

আজ আসাম দিবস । স্বর্গদেউ চাউলুং চ্যুকাফার বীরত্ব বিচক্ষনতা ও অবদানকে স্মরণ করে রাজ্যের বিভিন্ন প্রান্তে নানা কার্যসূচীর মাধ্যমে আসাম দিবস পালন করা হয় । রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ বিশ্ব ঐতিহাসিক ক্ষেত্র চরাইদেউ মৈদামক্ষেত্রে সারাদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে আসাম দিবস উদযাপন করা হয় । অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিক্রমা , শিল্প বানিজ্য ও সরকারী প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী বিমল বরা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে শ্রী বরা বলেন যে আহোম রাজত্বের ঐতিহ্যের সাক্ষী চরাইদেউ ও মৈদামগুলি শুধু আসামের ই নয় বরং দেশের সম্পদ হিসেবে পরিগণিত হয়েছে ।

অনুষ্ঠানে রাজস্ব ও দূযোগ ব্যবস্থাপনা বিভাগের মন্ত্রী যোগেন মোহন সম্মানিত অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আসাম দিবসে আহোম সাম্রাজ্যের প্রতিষ্ঠাকারীকে শ্রদ্ধা জানান ।সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী বলেন যে অসমীয়া জাতির রুপরেখা একে স্বর্গদেউ চ্যুকাফা আসামকে প্রাণবন্ত করে তুলেছিলেন । সবল নেতৃত্ব , বিচক্ষণতা তথা দূরদর্শী সিদ্ধান্ত গ্রহণে চ্যুকাফা অসমীয়া জাতিকে সমৃদ্ধ করে গেছেন ।

নতুনদিল্লীতে অনুষ্ঠিত আসাম দিবসের কার্যসূচীতে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল অংশ গ্রহণ করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন যে স্বর্গদেউ চাওলুং চুকাফা তার আদর্শ ও কর্মকুশলতা দিয়ে সুন্দর সমাজ গড়ার পথ প্রশস্ত করে গেছেন ।

---------------------------------------------------------------------------------

গুয়াহাটী হাইকোর্ট রাজ্যের বেসরকারী স্কুলগুলোতে ২৫ শতাংশ আসন দরিদ্র সীমারেখার নীচে বসবাসকারী পরিবারের ছাত্রছাত্রীদের জন্য সংরক্ষণ করার ক্ষেত্রে শীঘ্র বিজ্ঞপ্তি জারি করতে আসাম সরকারকে নির্দেশ দিয়েছে ।উচ্চ ন্যায়ালয় পূর্বের নির্দেশ কার্যকর করার ক্ষেত্রে আগামী ২৫ শে ডিসেম্বরের মধ্যে একটি ওয়েব পোর্টেল চালু করারও নির্দেশ দিয়েছে ।এই নির্দেশ বলা হয়েছে যে শিক্ষার অধিকার আইনের অধীনে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ২৫ শতাংশ আসনে দুস্থ পরিবারের শিক্ষার্থীদের ভর্তি করার সুযোগ দিতে রাজ্য সরকার বাধ্য ।উচ্চ ন্যায়ালয় নির্দেশে স্পষ্ট করে দিয়েছে যে রাজ্য সরকারের শিক্ষা বিভাগের প্রস্তুত করা প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের বেসরকারী স্কুলের জেলা ভিত্তিক তালিকা অনুযায়ি এই সংরক্ষণ ব্যবস্থা রূপায়ন করতে হবে ।উল্লেখ্য প্রাথমিক সঞ্চালকালয়ের অধীনে থাকা ২ হাজার ৩৯৬ টি বেসরকারী স্কুল এবং মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের প্রস্তুত করা তালিকা অনুযায়ি ১ হাজার ১৮৬ টি বেসরকারী স্কুল রয়েছে ।

---------------------------------------------------------------------------------

বাংলাদেশে গত দুদিনে ইস্কনের ৮৩ জন সদস্যকে বৈধ পাসপোর্ট ও ভিসা থাকা সত্বেও বেনাপোল তল্লাসি চৌকী দিয়ে ভারতে আসতে বাধা আরোপ করা হচ্ছে ।বেনাপোল প্রব্রজন পুলিশের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ইমতিয়াজ আহসানুল কাদের ভূইয়াঁ জানান যে বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে ইস্কনের সদস্যরা ধর্মীয় আচার অনুষ্ঠান পালন করার জন্য ভারতে যেতে বেনাপোল তল্লাশি চৌকীতে উপস্থিত হয়েছিলেন তবে তাদেরকে ফিরিয়ে দেওয়া হয়েছে ।তিনি আরো বলেন যে ইস্কনের সদস্যদের কাছে বৈধ পাসপোর্ট এবং ভিসা ছিল তবে যাত্রার জন্য বিশেষ সরকারী অনুমতিপত্র না থাকার জন্য তাদেরকে ভারতে প্রবেশ করতে বাধা আরোপ করা হয়েছে ।

এদিকে বাংলাদেশের সাম্প্রতিক সংখ্যালঘু হিন্দুদের ওপর নির্যাতনের ঘটনার বিরুদ্ধে আন্তর্জাতিক কৃষ্ণ চেতনা সংঘ 'ইস্কন' প্রতিক্রিয়া ব্যাক্ত করেছে ।ইস্কনের কলকাতা শাখা হিন্দুদের ওপর আক্রমণের ঘটনায় আন্তর্জাতিক শান্তি সংগঠনগুলো মৌনতা অবলম্বন করছে বলে অভিযোগ করেছে ।ইস্কন কলকাতার উপসভাপতি তথা মুখপাত্র রাধারমণ দাস এই বিষয়ে হস্তক্ষেপ করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকরের কাছে অনুরোধ জানান। উল্লেখ্য বাংলাদেশে গতকাল রাতে শ্যাম দাস নামে আরো একজন ইস্কনের সাধুকে গ্রেপ্তার করা হয়েছে ।
বাংলাদেশে সম্মিলিত সনাতনী জাগরণ জ্যোতির মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তার এবং ভারতের জাতীয় পতাকার অবমাননা করার অভিযোগ করে শ্রীভূমি জেলার আসাম বাংলাদেশ সীমান্তের সুতারকান্দিতে গতকাল সনাতনী ঐক্যমঞ্চের পক্ষ থেকে প্রতিবাদ কর্মসূচী পালন করা হয় ।

---------------------------------------------------------------------------------

আসামে আগামীকাল থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে তৃতীয় স্বাস্থ্য সেবা উৎসব অনুষ্ঠিত হবে ।২০২২ সাল থেকে বিদ্যালয়ের গুণোৎসবের মতো স্বাস্থ্য সেবা উৎসবে জেলার চিকিৎসালয় , স্বাস্থ্য কেন্দ্র ইত্যাদির চিকিৎসা সেবা ও পরিকাঠামো মূল্যায়ন করা হবে । বিভিন্ন বিভাগের প্রশাসনিক আধিকারিক , স্বাস্থ্য বিভাগের আধিকারিক সহ প্রবীন চিকিৎসক রাজ্যের মূল্যায়ন হিসেবে স্বাস্থ্যকেন্দ্রগুলি পরিদর্শন করবে ।

---------------------------------------------------------------------------------

এ দিকে শ্রীভূমি আয়ুক্তের কনফারেন্স হলে সম্প্রতি তৃতীয় স্বাস্থসেবা উৎসব উপলক্ষে বর্হি মূল্যায়নকারীদের জন্য একটি ওরিয়েন্টেশন কার্যসূচী অনুষ্ঠিত হয় ।অতিরিক্ত উপায়ুক্ত মিনার্ভা দেবী আরামবামের পৌরহিত্যে অনুষ্ঠিত এই কার্যসূচীতে জেলা পর্যায়ের কর্মকর্তা এবং শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের বিশিষ্ট চিকিৎসক তথা সংশ্লিষ্ট শিক্ষকরা অংশ গ্রহণ করেন । এই উৎসবের মাধ্যমে জেলার স্বাস্থ্য প্রতিষ্ঠানের সেবার মান উন্নয়ন ও জনসাধারণের জন্য আরো উন্নত ও কার্যকর সেবা নিশ্চিত করা হবে । শ্রীভূমি জেলায় মোট ৪৬ টি স্বাস্থ্য প্রতিষ্ঠান এই মূল্যায়নের আওতায় আসবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রী ডা: মনসুক মান্ডভিয়া বলেন যে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার স্বাস্থ্য ক্ষেত্রকে সহজ ও বহনক্ষম করে তুলেছে । নতুনদিল্লীতে আজ সকালে সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় ডা: মান্ডভিয়া বলেন যে ২০১৪ সালে দেশে ৩৮৭ টি চিকিৎসা মহাবিদ্যালয় থাকার বিপরীতে গত দশ বছরে এই সংখ্যা দুগুন বৃদ্ধি হয়ে ৭৮০ হয়েছে । আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা বিশ্বের মধ্যে

সর্ববৃহৎ চিকিৎসা প্রকল্প হিসেবে পরিগণিত হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এই প্রকল্পের অধীনে ১২ কোটী পরিবারকে ৫ লক্ষ টাকার স্বাস্থ্য বীমার আধীনে অর্ন্তভূক্ত করা হয়েছে । এর অধীনে ৭০ বছর ও এর বেশী বয়সের লোককে অর্ন্তভূক্ত করা হয়েছে ।তিনি উন্নত পরিকাঠামো , দক্ষ কর্মী , ঔষধের ক্ষেত্রে গবেষণা , ঔষধের উপলবদ্ধতা তথা স্বাস্থ্য ক্ষেত্রে সর্বাংগীন উন্নয়নের জন্য কাজ করা হচ্ছে বলে মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে জেলার তিনটি স্থানে খাজনা আদায়ের উদ্দেশ্যে রাজস্ব আদালত অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল ও আগামী ৬ই ডিসেম্বর মাটিজুড়ি ডেইলী বাজারে , আগামী ১০ ও ১৩ই ডিসেম্বর শিরিষপুর ডেইলী বাজারে , ১৭ এবং ২৪ ডিসেম্বর বোয়ালিপার ডেইলী বাজারে রাজস্ব আদালত অনুষ্ঠিত হবে । খাজনা জমা দেওয়ার সময় আগের বছরের খাজনা জমা করার রশিদ সঙ্গে নিয়ে আসতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর সম্মিলিত লোক মঞ্চের উদ্যোগে আজ হাইলাকান্দি কালীবাড়ী রোডের ড্রিমস কার্য্যলয়ে আগামী ২৮ ও ২৯শে ডিসেম্বর তৃতীয় সমবেত ধামাইল ও দ্বিতীয় ধামাইল প্রতিযোগীতার প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়েছে । ড্রিমসের সভাপতি গৌতম গুপ্তের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে সমবেত ধামাইল প্রতিযোগীতায় ৮জন সদস্য থাকতে হবে । এছাড়া ধামাইল কন্যা প্রতিযোগীতার জন্য বয়স ১২ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে এবং রেকর্ড করা গান বাজানো যাবে না । ইচ্ছুক প্রতিযোগীদের সম্মিলিত লোক মঞ্চের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রমিক সংগঠন এ আই ইউ টি ইউ সি-র আসাম রাজ্য কমিটির উদ্যোগে আগামী চৌঠা ডিসেম্বর শিলচর গান্ধীভবনে শ্রমিক অভিবর্তন অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে আজ শিলচরে এ আই ইউ টি ইউ সি-র কার্য্যলয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে সংগঠনের রাজ্য সম্পাদক আজহার হোসেন রেল , ব্যাঙ্ক , বীমা , বিমান ও নদী বন্দরের বেসরকারীকরনের তীব্র প্রতিবাদ করেছেন । সাংবাদিক সম্মেলনে সংগঠনের রাজ্য সহ-সম্পাদক ভবতোষ চক্রবর্তী , রাজ্য সংগঠক অরুনাংশু ভট্টাচার্য্য , অজিত আচার্য্য , কার্য্যকরী সদস্য সুব্রত চন্দ্র নাথ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা নারী ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে জেলায় নারী ক্ষমতায়ন ও নারী

সুরক্ষার বার্তা জনগনের মধ্যে পৌছে দিতে গত ১১ থেকে ২৮শে নভেম্বর পর্য্যন্ত জেলার বিভিন্ন স্থানে সচেতনতা অভিযান ও প্রচার সামগ্রী বিতরন কার্য্যসূচী অনুষ্ঠিত হয়েছে । অভিযানে শ্রীভূমি জেলা পুলিশ সুপার কার্য্যলয়ের ডিষ্ট্রিক হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন সেলের পুলিশ আধিকারীক কৃষ্ণমণি কলিতা ও নূরনেহা বেগম এবং এস আই যতিন শইকিয়া নারী সুরক্ষার আইন নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------